ভোরের কাগজ
তারিখ ... JUN. 1 8 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

এসএসসির ফলাফল বিশ্লেষণ

# মেধা তালিকায় ক্যাডেট কলেজ ও শহরের স্কুলের প্রাধান্য

কাগজ প্রতিবেদক : এসএসসি পরীক্ষায় পাসের হারের ক্ষেত্রে গত বছরের তুলনায় সামান্য অগ্রগতি সাধিত হয়েছে। সারা দেশের হিসাবে এবার পাসের হার শতকরা ৬ দশমিক ১৭ ভাগ বেড়েছে। আর মেধা তালিকা এবারো সীমিত রয়েছে শহরকেন্দ্রিক নামকরা স্কুল ও ক্যাডেট কলেজের মধ্যে। মেধা তালিকায় মেয়েদের অবদানও ছেলেদের তুলনায় অনুজ্জ্বল।

গত বছর সারা দেশের সাড়ে ৭ লাখ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছিল প্রায় সাড়ে ৩ লাখ, এবার প্রায় সাড়ে ৮ লাখ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে সাড়ে ৪ লাখেরও বেশি। গতবার দেশে পাসের হার ছিল ৪৭ দশমিক ৯৬, এবার তা বেড়ে দাঁড়িয়েছে ৫৪ দশমিক ১৩ শতাংশে। অর্থাৎ পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির পাশাপাশি পাশের হারেও সামান্য অগ্রগতি লক্ষ্যণীয়।

এ বছর ৫ বোর্ডের ১৫টি সম্মিলিত মেধা তালিকার ৩০০টি স্থানে জায়গা করে নিয়েছে ৪৮৫ জন ছাত্রছাত্রী। এর মধ্যে মেয়ে মাত্র ১৪৫ জন। শতকরা হিসাবে মেধা তালিকায় মেয়েদের উপস্থিতি ৩০-এরও নিচে। তবে কোনো কোনো বিভাগে তাদের উপস্থিতি ছেলেদের চেয়ে উজ্জ্বল। যেমন ঢাকা বোর্ডের মানবিক বিভাগের মেধা তালিকায় ২২ জনের মধ্যে ১৬ জনই মেয়ে, যশোর বোর্ডের মানবিক বিভাগে ৩৫ জনের মধ্যে ১৯ জন মেয়ে, চট্টগ্রাম বোর্ডে মানবিক বিভাগের সম্মিলিত মেধা তালিকায় ২৬ জনের মধ্যে ২০ জনই মেয়ে। তবে সব বোর্ডেই বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ক্যাডেট কলেজগুলোর একচ্ছত্র আধিপত্যের কারণে মেয়েরা এ প্রতিযোগিতায় সামনে আসতে পারেনি।

ঢাকা বোর্ডের বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় রাজধানীর নামকরা স্কুলগুলোর পাশাপাশি মির্জাপুর ক্যাডেট কলেজের প্রাধান্য স্পষ্ট। এ তালিকায় মির্জাপুর ক্যাডেটের ৯ জন, আইডিয়াল স্কুলের ১২ জন গভঃ ল্যাবরেটরি স্কুলের ৫ জন, ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের ৪ জন এবং উদয়ন স্কুলের ৩ জন রয়েছে। মানবিক বিভাগে মির্জাপুর ক্যাডেটের ৫ জন, ভিকারুন নিসা নূনের ৬ জন, বাণিজ্যে আইডিয়ালের ৭ জন ছাত্র স্থান পেয়েছে।

কুমিল্লা বোর্ডের মেধা তালিকাগুলোতে সিলেট ক্যাডেট ও কুমিল্লা ক্যাডেট কলেজের প্রাধান্য স্পষ্ট। বিজ্ঞান বিভাগের ২৬ জন এবং মানবিক বিভাগের ৮ জন এসেছে এই দুই ক্যাডেট কলেজ থেকে। এ ছাড়া কুমিল্লা জেলা স্কুলের ফলাফল খুব ভালো।

রাজশাহী বোর্ডের মেধা তালিকাগুলোতে পাবনা ক্যাডেট, রংপুর ক্যাডেট ও রাজশাহী ক্যাডেট কলেজের প্রতিনিধিত্ব সবচেয়ে বেশি। বিজ্ঞান বিভাগে ১৯ জন ও মানবিক বিভাগে ১৬ জন এই দুই ক্যাডেটের ছাত্র। এ ছাড়া রংপুর জেলা স্কুল, পাবনা জেলা স্কুলসহ শহরভিত্তিক কয়েকটি স্কুলের ফল খুব ভালো।

যশোর বোর্ডের মেধা তালিকায় বরিশাল ও ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৩৩ জন ছাত্র স্থান পেয়েছে। এর মধ্যে বিজ্ঞান বিভাগে ২৪ জন এবং মানবিক বিভাগে ৯ জন। তবে এই বোর্ডের বাণিজ্য বিভাগের মেধা তালিকায় বিভিন্ন থানা পর্যায়ের স্কুলও স্থান পেয়েছে।

চট্টগ্রাম বোর্ডের মেধা তালিকাগুলো ভাগাভাগি হয়ে গেছে ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ইস্পাহানি পাবলিক স্কুল, চট্টগ্রাম গভঃ হাইস্কুল ও কলেজিয়েট স্কুলসহ কয়েকটি শহরকেন্দ্রিক স্কুলের মধ্যে।